
দৈনিক ইত্তেফাক

10 MAY 2017



ত্রিশাল (ময়মনসিংহ) : ফল না পেয়ে শিক্ষার্থীরা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে — ইত্তেফাক

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ১১তম প্রতিষ্ঠাবার্ষিকী মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে। এ লক্ষে সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলমের নেতৃত্বে প্রশাসনিক ভবনের সামনে থেকে এক শোভাযাত্রা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ে ট্রেজারার প্রফেসর এ এম এম শামসুর রহমান, কলা অনুষদের ডিন প্রফেসর ড. মুশাররাত শবনম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. নজরুল ইসলাম, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মো. হুমায়ুন কবীর, প্রক্টর ড. মো. জাহিদুল কবীর, শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

২০০৬ সালের ৯ মে জাতীয় সংসদে কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন পাস হয়। বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সিদ্ধান্তানুযায়ী এই দিনটিই বিশ্ববিদ্যালয় দিবস হিসেবে পালন করা হয়।

**পরীক্ষার ফল না পেয়ে ফের ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ**

**ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা ॥** এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশিত হলেও ময়মনসিংহের ত্রিশালে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ৮টি বিদ্যালয়ের ৪৬৫ জন পরীক্ষার্থী তাদের ফলাফল না পেয়ে গত মঙ্গলবার দুপুর ১টা থেকে দুপুর ২টা পর্যন্ত ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে রাখে। পরে প্রশাসনের দ্রুততম সময়ের মধ্যে ফলাফল এবং তাদের ভর্তির নিশ্চয়তা প্রদানের আশ্বাসের প্রেক্ষিতে অবরোধ তুলে নেয়া হয়। এর আগে রবিবারও তারা মহাসড়ক এক ঘণ্টা অবরোধ করে ছিল।

ত্রিশাল থানার ওসি (তদন্ত) মোখলেছুর রহমান আকন্দ ঘটনার সত্যতা নিশ্চত করে জানান, প্রশাসনের আশ্বাসের প্রেক্ষিতে শিক্ষার্থীরা তাদের অবরোধ তুলে নিয়েছে।